গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**

বাড়ি # ১৯৬, সেক্টর # ২, হাউজিং এস্টেট

উপশহর, রাজশাহী

www.cevrajshahi.gov.bd

নথি নং- ৫(১২)১৪/কাস-টেক/বন্ড রেজি./ভিনটেজ/ঈ. ইপি./১১/অংশ-২/ ৭১০২ তারিখ : ২৭/০৩/২০২৫ খ্রি.

বিষয় : আমদানি প্রাপ্যতার মেয়াদ বৃদ্ধিকরণ।

সূত্র : [১] ভিনটেজ ডেনিম স্টুডিও লিঃ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা এর ২৩/০৩/২০২৫ খ্রি. তারিখের আবেদন।
[২] এ দপ্তরের পত্র নং-৪২১৭, তারিখঃ ৩০/১২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রসমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রীয় [২] নং পত্রের মাধ্যমে ভিনটেজ ডেনিম স্টুডিও লিঃ, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা (BIN-000187439-1105) নামীয় প্রতিষ্ঠানকে ০১/০১/২০২৫ খ্রি. হতে ৩১/০৩/২০২৫ খ্রি. মেয়াদে কাঁচামালের বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করা হয়। প্রতিষ্ঠানটির হালনাগাদ নিরীক্ষা চলাকালীন সময়ে আমদানি-রপ্তানি কার্যক্রম সচল রাখার লক্ষ্যে আমদানি প্রাপ্যতার মেয়াদ বৃদ্ধি করার জন্য সূত্রীয় [১] নং পত্রের মাধ্যমে এ দপ্তরে আবেদন করা হয়।

০৩। বর্ণিতাবস্থায়, প্রতিষ্ঠানটির হালনাগাদ নিরীক্ষাকালীন সময়ে আমদানি-রপ্তানির বিষয়টি সচল রাখার স্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রদেয় কাঁচামালের বার্ষিক আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজনের শর্তে সূত্রীয় [২] নং পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানকে প্রদত্ত কাঁচামালের বার্ষিক আমদানি প্রাপ্যতার মেয়াদ আগামী ৩১/০৫/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। সূত্রীয় [২] পত্রের অন্যান্য বিষয় অপরিবর্তীত থাকবে।

27.03.25

(তাহমিনা আক্তার পলি)
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে
ফোন # ০২৫৮৮৮০১১০৭
ই-মেইল : cevraj93@yahoo.com

প্রাপক : **Managing Director**
Vintage Denim Studio Ltd.
Plot # 90-99 & 120-128
Ishwardi Export Processing Zone
Pakshey, Pabna

২৭/০৩/২৫

নথি নং- ৫(১২০১৪/কাস-টেক/বন্ড রেজি./ভিনটেজ/ঈ: ইপি:/১১/অংশ-২/ তারিখ ঃ /০৩/২০২৫ খ্রি.।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০২। সদস্য (ইনভেস্টমেন্টপ্রমোশন), বাংলাদেশ এক্সপোর্টপ্রসেসিং জোনস্ অথোরিটি, বেপজা কমপ্লেক্স, বাড়ী # ১৯/ডি, রোড # ০৬, ধানমন্ডি আ/এ, ঢাকা।
০৩। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, গুলফেঁশা প্লাজা, ৬৯, আউটার সার্কুলার রোড, মগবাজার, ঢাকা।
০৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর, ৩২, তোপখানা রোড (৬ষ্ঠ ও ৭ম তলা), চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
০৫। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা/ ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/আইসিডি (কমলাপুর), ঢাকা/পানগাঁও/পায়রা।
০৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/সিলেট/চট্টগ্রাম/যশোর/খুলনা/রংপুর/ কুমিল্লা।

প্রতিষ্ঠানের অনুমোদিত বার্ষিক আমদানি প্রাপ্যতায় কাঁচামালের নাম, এইচ. এস. কোড ও পরিমাণ যাচাই করে বার্ষিক আমদানি প্রাপ্যতার মেয়াদ, এককালীন বন্ডিং ক্যাপাসিটি, জেনারেল বন্ডের মেয়াদ, IP ও বন্ড লাইসেন্স হালনাগাদ নবায়ন থাকা সাপেক্ষে আমদানিকৃত কাঁচামাল ছাড়করণের জন্য অনুরোধ করা হলো।

০৮। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। তাঁকে প্রতিষ্ঠানটির কাঁচামালসমূহ ASYCUDA World System-এ সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য:



CamScanner

০৯। নির্বাহী পরিচালক, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা [ইপিজেডস্থ কোনো প্রতিষ্ঠানের IP ইস্যুর ক্ষেত্রে প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স হালনাগাদ নবায়ন, জেনারেল বন্ডের মেয়াদ, বার্ষিক আমদানি প্রাপ্যতা শীটে অনুমোদিত কাঁচামালের নাম, HS Code, এবং প্রাপ্যতার পরিমাণ ও মেয়াদ থাকা সাপেক্ষে তাঁকে IP ইস্যু করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, এ দপ্তরের অনাপত্তিপত্র ব্যতিরেকে IP ইস্যু না করার জন্যও অনুরোধ করা হলো।]

১০। প্রোগ্রামার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [তাঁকে পত্রটি এ দপ্তরের ওয়েব সাইট-এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।]

১১। অ্যাসিস্টেন্ট কমিশনার, ঈশ্বরদী ইপিজেড, পাকশী, পাবনা।

১২। পিএ টু কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১৩। ব্যবস্থাপক, স্টান্ডার্ড চার্টাড ব্যাংক, গুলশান শাখা, ৬৭ গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা।

১৪। ব্যবস্থাপক, দি সিটি ব্যাংক লিঃ, গুলশান শাখা, ট্রেড সার্ভিসেস ডিভিশন, আলামিন সেন্টার (৭ম তলা), ২৫/এ, দিলকুশা বা/এ, ঢাকা।

(মোঃ তৌফিকুল ইসলাম)
অ্যাসিস্টেন্ট কমিশনার অব কাস্টমস।



CamScanner